রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, মে ৫, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২০ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৩ মে ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০২.২৬.৯৭—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদের নির্বাহী কমিটি (ECNCST)'** নিম্নরূপে গঠন করেছে :

১.১। **কমিটির গঠন :**

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | : | সভাপতি |
| (২) | সচিব, অর্থ বিভাগ | : | সদস্য |
| (৩) | সচিব, বিদ্যুৎ বিভাগ | : | সদস্য |
| (৪) | সচিব, শিল্প মন্ত্রণালয় | : | সদস্য |
| (৫) | সচিব, পরিকল্পনা বিভাগ | : | সদস্য |
| (৬) | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | : | সদস্য |
| (৭) | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | : | সদস্য |
| (৮) | সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | : | সদস্য |
| (৯) | সচিব, কৃষি মন্ত্রণালয় | : | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| (১০) | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | : | সদস্য |
| (১১) | সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | : | সদস্য |
| (১২) | সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | : | সদস্য |
| (১৩) | সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | : | সদস্য |
| (১৪) | সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | : | সদস্য |
| (১৫) | উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা | : | সদস্য |
| (১৬) | চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ | : | সদস্য |
| (১৭) | চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | : | সদস্য |
| (১৮) | মহাপরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি | : | সদস্য |
| (১৯) | মহাপরিচালক, পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর | : | সদস্য |
| (২০) | নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল | : | সদস্য |
| (২১) | পরিচালক, ইনস্টিটিউট অব এপ্রোপ্রিয়েট টেকনোলজি, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা | : | সদস্য |
| (২২) | চেয়ারম্যান, নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | : | সদস্য |
| (২৩) | প্রেসিডেন্ট, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ | : | সদস্য |
| (২৪) | সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | : | সদস্য-সচিব। |

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.২। **কমিটির কার্যপরিধি :**

নির্বাহী কমিটি জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদকে নিম্নলিখিত বিষয়ে পরামর্শ ও সহায়তা প্রদান করবে:

(১) দেশের আর্থ-সামাজিক উন্নয়ন পরিকল্পনায় উল্লিখিত বিভিন্ন সেক্টরের লক্ষ্য বাস্তবায়নে সহায়ক প্রণয়নকৃত বিজ্ঞান ও প্রযুক্তি নীতি হালনাগাদকরণ;

(২) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে নীতি এবং প্রযুক্তি পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগের কার্যক্রমে সমন্বয় সাধন;

(৩) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে নীতি এবং প্রযুক্তি পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;

(৪) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে নীতি এবং প্রযুক্তি পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন; এবং

(৫) উল্লিখিত বিষয়সমূহ সম্পর্কে একটি সার্বিক প্রতিবেদন জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদে উপস্থাপন।

১.৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

১.৪। কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

১.৫। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

১.৬। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ৫ জুন ২০২৪ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬.০০২.২৪.১০৭ স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(বেবী পারভীন)
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০৯
e-mail: js_economic@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd